

নাম্বার  
Noque  
০৫/০৩/১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
মিরপুর-২, ঢাকা- ১২১৬  
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.২৭.৩০০.২১১.১৬. ৯১৯

তারিখঃ ২৮ ফাল্গুন ১৪২৩।  
০২ মার্চ ২০১৭।

### প্রজ্ঞাপন

সেহেতু, জনাব মর্জিনা পারভীন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, গাজীপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (ডি) উপবিধি অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে ০১.১১.২০১৬ তারিখে বিভাগীয় মামলা (বিমা-২০/১৬) রঞ্জু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১৫.১১.২০১৬ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ০৬.০২.২০১৭ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং সার্বিক বিবেচনায় তাঁকে লঘুদণ্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (২)(বি) উপবিধি মোতাবেক জনাব মর্জিনা পারভীন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, গাজীপুর-এর ০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত করা হল। তিনি ভবিষ্যতে স্থগিতকৃত বেতনের বকেয়া প্রাপ্য স্থবন না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ড. মো: আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি  
মহাপরিচালক

স্মারক নং- ৩৮.০১.০০০০.২৭.৩০০.২১১.১৬. ৯১৯/১৩

তারিখঃ ২৮ ফাল্গুন ১৪২৩।  
০২ মার্চ ২০১৭।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. উপপরিচালক (তঃ ও শৃঃ/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
৭. সিস্টেম ম্যানেজার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাজীপুর।
৯. জেলা হিসাব রক্ষণ অফিসার, গাজীপুর।
১০. জনাব মর্জিনা পারভীন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, গাজীপুর।
১১. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সংরক্ষণ নথি।

মোঃ আবুল কাশেম মিয়া  
সহকারী পরিচালক (তঃ ও শৃঃ)